যুগান্তর

তারিখ ... AUG. 2 4 2006

পৃষ্ঠা ১০ কলাম ৬




যুগান্তর

কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন বিভিন্ন মেয়াদ ও টেকনোলজি কোর্স অবিলম্বে বন্ধের দাবিতে ছাত্র সংগ্রাম পরিষদ আইএইচটি রাজশাহী শাখা নগরীর কোর্ট চত্বরে বিক্ষোভ মিছিল বের করে

# টেকনিক্যাল স্কুল ও কলেজ শিক্ষক কর্মচারীদের কর্মবিরতি পালিত

যুগান্তর ডেস্ক

চাকরি রাজস্ব খাতে স্থানান্তর ও বকেয়া বেতন-ভাতার দাবিতে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে দেশের টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীরা বুধবার বিক্ষোভ সমাবেশ ও বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত ২ ঘণ্টার কর্মবিরতি পালন করেছেন। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**বরিশাল ব্যুরো :** বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজে বুধবার থেকে দু'দিনের কর্মবিরতি শুরু হয়েছে। বুধবার কলেজের শিক্ষক-কর্মচারীরা বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত কর্মবিরতি পালন করেন এবং সভার মাধ্যমে তাদের দাবি মেনে নেয়ার জন্য সরকারের কাছে দাবি জানান,।

**ভোলা :** ভোলার টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ১৬ শিক্ষক-কর্মচারী কর্মবিরতি পালন ও বিক্ষোভ সমাবেশ করেছেন। সমাবেশে বক্তৃতা করেন অধ্যক্ষ আবদুল মালেক, বিভাগীয় শিক্ষক শ্রীভাষ চন্দ্র দে, মোঃ মোয়াজ্জেম হোসেন সিকদার, মোঃ আজিজুল সিকদার ও রসায়ন শিক্ষক আবুল কালাম মল্লিক।

**মাগুরা :** মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজ শাখার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত ২ ঘণ্টা কর্মবিরতি পালন করে। এ কর্মসূচির আওতায় আজ ২ ঘণ্টা কর্মবিরতি পালিত হবে।

**বাগেরহাট :** বাংলাদেশ টেকনিক্যাল স্কুল ও কলেজ শিক্ষক-কর্মচারী ফোরাম বাগেরহাট শাখার উদ্যোগে বেলা ১১ থেকে ১টা পর্যন্ত প্রতীকী ধর্মঘট পালিত হয়েছে। আজও এ কর্মসূচি অব্যাহত থাকবে।

**নাটোর :** কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে ৩ দফা দাবির সমর্থনে শহরের মাদ্রাসা মোড়ে অবস্থিত নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীরা বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত দু'ঘণ্টার জন্য ক্লাস নেয়া ও দাফতরিক কাজ করা থেকে বিরত থাকেন।